

## রোহিঙ্গা ক্যাম্পে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রীর ত্রাণ বিতরণ

কুতুপালং (কক্সবাজার), ১৪ ফেব্রুয়ারি ২০১৮

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, বীরবিক্রম, এমপি আজ কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পে ত্রাণ সামগ্রী বিতরণ করেন। ইন্দোনেশিয়া রোহিঙ্গাদের জন্য ২ হাজার মেট্রিকটন চাল পাঠিয়েছে। মন্ত্রী আজ সে চাল গ্রহণ করে রোহিঙ্গাদের মাঝে বিতরণ করেন। মন্ত্রণালয়ের সচিব মোঃ শাহ্ কামাল, রোহিঙ্গা ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার আবুল কালাম আজাদ, কক্সবাজার জেলা প্রশাসক মোঃ আলী, মন্ত্রণালয়ের রোহিঙ্গা সেলের প্রধান হাবিবুল কবির চৌধুরী, সাইক্লোন প্রিপেয়ার্ডসেন প্রোগ্রামের পরিচালক আহমেদুল হক ও ইন্দোনেশিয়া সরকারের প্রতিনিধি এ সময় উপস্থিত ছিলেন।

মন্ত্রী বলেন রোহিঙ্গাদের বল প্রয়োগ করে নিজ বাসভূমি থেকে বিতারণ করা হয়েছে। অনতিবিলম্বে তাদের ফেরৎ নিতে হবে। রোহিঙ্গারা বাংলাদেশে একটি মানবিক ও সামাজিক সমস্যা সৃষ্টি করেছে এবং এ সমস্যার মোকাবিলায় খাদ্যশস্য ও অন্যান্য সহযোগিতা নিয়ে বিশ^ সম্প্রদায়কে এগিয়ে আসতে হবে বলে মন্ত্রী উল্লেখ করেন। রোহিঙ্গাদের প্রত্যাবর্তনে সময় ক্ষেপন না করে দ্রুত ফিরিয়ে নিতে মায়ানমারের উপর চাপ বাড়াতে বিশ^ নেতৃবৃন্দের প্রতি তিনি আহবান জানান।



ঘর্নিঝড় ও পাহাড় খস বিবেচনায় রোহিঞ্জা ক্যাম্পের কিছু ঘর অন্যত্র সরিয়ে নেয়া হতে পারে। এ ঘরগুলো প্রথম দিকে রোহিঞ্জা পরিবারগুলো পাহাড়ের ছড়ায় ও খাড়া ঢালে অপরিকল্পিতভাবে তৈরী করেছিল। বর্তমানে ঝুঁকিপূর্ণ না হলেও ঘূর্নিঝড় বা অতিবৃষ্টিজনিত কারণে পাহাড় খস হলে এ ঘরগুলো ঝুঁকিতে পড়তে পারে। সে বিবেচনায় পূর্ব প্রস্তুতি হিসেবে ঘরগুলো সরিয়ে নেয়ার পরিকল্পনা করা হয়। ঘরগুলো অন্যত্র সরিয়ে নেয়ার সম্ভাব্য স্থান পরিদর্শন করেন মন্ত্রী।

(মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান)

সিনিয়র তথ্য অফিসার

০১৯৪৩৪৪৬৩২৩